

শেখ হাসিনার
দিনবদলে,
সমাজসেবা এগিয়ে চলে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
সমাজসেবা অধিদফতর
গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা
www.dss.gov.bd



নম্বর: ৪১.০১.০০০০.০২০.০৬.০০১.২০.১০৭

তারিখ: ৭ ফাল্গুন ১৪২৬
২০ ফেব্রুয়ারি ২০২০

অফিস আদেশ

সমাজসেবা অধিদফতরের নিম্নবর্ণিত কর্মকর্তাদের সমন্বয়ে কর্মক্ষেত্রে নারীদের যৌন হয়রানি নিরসন ও প্রতিরোধ বিষয়ক অভিযোগ গ্রহণ কমিটি নিম্নরূপভাবে গঠন করা হলো।

| ক্রম | কর্মকর্তার নাম ও পদবী | দায়িত্ব |
|------|--|------------|
| ০১ | লামিয়া ইয়াসমিন, উপপরিচালক, সমাজসেবা অধিদফতর, ঢাকা। | সভাপতি |
| ০২ | নাসরিন সুলতানা, সমাজসেবা অফিসার (আর.ও-১), সমাজসেবা অধিদফতর, ঢাকা। | সদস্য |
| ০৩ | ইউএন ওমেন, বাংলাদেশ এর প্রতিনিধি | সদস্য |
| ০৪ | সেভ দ্য চিলড্রেন, বাংলাদেশ এর প্রতিনিধি | সদস্য |
| ০৫ | তাসলিমা খাতুন, সহকারী পরিচালক (সামাজিক নিরাপত্তা), সমাজসেবা অধিদফতর, ঢাকা। | সদস্য-সচিব |

কমিটির কার্যপরিধিঃ

- সমাজসেবা অধিদফতরধীন প্রধান কার্যালয়, বিভাগীয় কার্যালয়সমূহ এবং জেলা ও উপজেলা পর্যায়ে কার্যালয়সমূহের সকল পর্যায়ের নারী কর্মকর্তা ও কর্মচারীগণের নিকট হতে কর্মক্ষেত্রে যৌন হয়রানি সংক্রান্ত অভিযোগ গ্রহণ;
- কর্মক্ষেত্রে নারীদের যৌন হয়রানি সংক্রান্ত নীতিমালার খসড়া প্রণয়ন;
- সংশ্লিষ্ট পক্ষসমূহের সম্মতিক্রমে অভিযোগ নিষ্পত্তিকরণ এবং এতদসংক্রান্ত প্রতিবেদন সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট দাখিল;
- কোন অভিযোগ উভয়পক্ষের সম্মতিক্রমে নিষ্পত্তি করা সম্ভব না হলে উক্ত অভিযোগ এর বিষয়ে তদন্ত ও শুনানি কার্যক্রম পরিচালনা, তথ্য প্রমাণ সংগ্রহ এবং সংশ্লিষ্ট দলিলাদি পর্যবেক্ষণ;
- সর্বোচ্চ ৩০ কার্যদিবসের মধ্যে সুপারিশসহকারে তদন্ত প্রতিবেদন সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট দাখিল;
- সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট বাৎসরিক প্রতিবেদন পেশ।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

২০-২-২০২০
শেখ রফিকুল ইসলাম
মহাপরিচালক

নম্বর: ৪১.০১.০০০০.০২০.০৬.০০১.২০.১০৭/১(২৪৭)

তারিখ: ৭ ফাল্গুন ১৪২৬
২০ ফেব্রুয়ারি ২০২০